দৈনিক
জনকণ্ঠ

তারিখ 15 NOV 2017
পৃষ্ঠা ... ... ... ১৭/১৮ ...

# লেকহেড স্কুলের দুই শাখা খুলে দেয়ার নির্দেশ হাইকোর্টের

**স্টাফ রিপোর্টার** ॥ রাজধানীর গুলশান ও ধানমন্ডির লেকহেড গ্রামার স্কুলের দুটি শাখা ২৪ ঘণ্টার মধ্যে খুলে দিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে আদালত রায়ে বলেছেন, সরকার চাইলে যে কোন সময় অভিযোগের বিষয়ে তদন্ত করতে পারবে এবং সেক্ষেত্রে স্কুল কর্তৃপক্ষের সরকারকে সহযোগিতা করতে, হবে। এ বিষয়ে জারি করা রুল যথাযথ ঘোষণা করে বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি মোঃ আতাউর রহমান খানের সমন্বয়ে হাইকোর্টেও দ্বৈত বেঞ্চ মঙ্গলবার এ রায় ঘোষণা করেন। আদালতে রিটের পক্ষে ছিলেন সিনিয়র আইনজীবী এ এফ হাসান আরিফ, ব্যারিস্টার আখতার ইমাম ও ব্যারিস্টার রাশনা ইমাম। রাষ্ট্রপক্ষে ছিলেন এ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম।